সব বই বই নয়, কিছু কিছু বই

www.lyriqalbooks.com

পুস্তক তালিকা

২০২০

বইমেলার বই

শঙ্কু অভিযান প্রসেনজিৎ দাশগুপ্ত

সত্যজিৎ রায় চিত্রিত ৪০০ টাকা

প্রোফেসর শঙ্কু ডায়েরি লিখতেন নিজের কথা ভেবে। তাঁর সমস্ত অভিযানের খবর আপামর বাঙালির জানা। কল্পনা ও বিজ্ঞানের জটিল সমীকরণ মুছে প্রোফেসর ত্রিলোকেশ্বর শঙ্কু আমাদের অতি আপনার জন। সাধারণ মানুষের থেকে বুদ্ধিতে কয়েক আলোকবর্ষ এগিয়ে। প্রোফেসরের নাগাল না পাওয়ায় মানুষটিকে জানা ও চেনার চেষ্টা করতে হল তাঁর প্রকাশিত ডায়রিগুলি থেকে আহরিত তথ্যাফবলী ও কিছু যুক্তিসংগত অনুমানের ভিত্তিতে। শঙ্কুর সন্ধানে করা সেই অভিযানের ফলাফল এই বই।

স্বাদ-সাধনার আখড়াবাড়ি সোমব্রত সরকার

পার্থ দাশগুপ্ত চিত্রিত ৪৫০ টাকা

দুই বাংলার আনাচকানাচে ফকির বাউল, দরবেশ, বৈষ্ণব, সহজিয়া আখড়াবাড়িতে গুরু- মুর্শেদদের সাধনা, আচার, জীবনপ্রবাহ, খাওয়া- দাওয়া, আশা, প্রেম, মা- গুরুদের স্নেহময়ী অবস্থানটা আদতে কী রকম সেই বৃত্তান্তই ছড়িয়ে রয়েছে গোটা বই জুড়ে। গুরুর কাছে তত্ত্বের পাঠ নেওয়ার পাশাপাশি মা গুরুর নিবিড় স্নেহচ্ছায়ায় তিলতিল করে সেজে ওঠে নিত্যসেবা। আখড়ায় বাউল ফকির সাঁই দরবেশের সমাগমে স্বাদ সাধনার বিচিত্র আয়োজন। সুখাদ্যের এই বৈভবের সঙ্গে জুড়েছে নিরাকারের সাধনায় নিবেদিত গীত, ঈশ্বর বন্দনায় কাঁথার ভূমিকা আর অজস্র টীকায় দুই বাংলার সাধক পরিচিতি, ঘর ঘরানা, সাধন সংকেত। এই বই গুরু- মুর্শেদে দীক্ষা পেয়ে সাধনসঙ্গিনীর সহায়তায় কীভাবে যুগল ভজনা, কায়াবাদী দেহসাধনা এখনও নিশ্চুপে স্বমহিমায় দাঁড়িয়ে আছে, তারই এক পুঙ্খানুপুঙ্খ নবীন আলেখ্য।

রসুইবাগান জায়েদ ফরিদ

বাসুদেব পাল মজুমদার চিত্রিত ৪০০ টাকা

জীবনের রান্নঘরের দাওয়ায় বসে দেখা সামান্য দু'দণ্ড গাছপালা আর বাঞ্ছালতার সমাহার রসুইবাগান। ইরোকুয়া, মিকম্যাক নেটিভ ইন্ডিয়ানরা প্রায় তিনশো বছর আগে থেকে বানায় ম্যাপল সিরাপ। প্রায় পাঁচ হাজার বছরের পুরনো মেক্সিকোর এক গুহা থেকে মিলেছে অনন্তলতার বীজের খই। যা আসলে আদিম মানুষের পপকর্ন। প্যালেস্টাইনে ফণিমনসার লাল আর মেরুন ফলের কদর খুব জেলি তৈরির জন্যে। এমন কী সচরাচর জানে কেউ, যে সর্বজয়ার কন্দ থেকে ভিয়েতনামে তৈরি হয় স্বচ্ছ সেলোফেন নুডুলস।

ভালবাসি তাই জানাই গানে অরুণেন্দু দাস

এ এফ এম মনিরুজ্জমান শিপু চিত্রিত ৬০০ টাকা

অনেকেই অরুণেন্দুকে চিনি 'মহীনের ঘোড়াগুলি'-র নামে। তাঁর গানগুলিও, 'মহীনের ঘোড়াগুলি সম্পাদিত' অ্যালবামে থাকার কারণে 'মহীনের গান' বলেই অনেকের কাছে প্রচলিত। কিন্তু মহীনের সঙ্গে তাঁর যোগ কতটা, কবে থেকে এবং তার বাইরেও ছড়িয়ে থাকা তাঁর বিচিত্র জীবন ও অজস্র কাজের কথা উঠে এসেছে পাতায় পাতায়। এই আত্মজীবনী লেখা না হলে বাংলা গানের যুগবদল ও উত্তরাধিকারের কাহিনিতে একটি অধ্যায় থেকে যেত সম্পূর্ণ অন্ধকারে।

দুই বাংলার পাইস হোটেল সম্পাদনা সামরান হুদা, দামু মুখোপাধ্যায়

স্মারক রায় চিত্রিত ৪৫০ টাকা

কালে কালে সব শহরেই ভোল বদলাল। কাঁচা সড়ক পাকা হল, পালকি-ফিটনের বদলে ছুটল ঝাঁ চকচকে মোটরগাড়ি, গ্যাসবাতি নিভে গিয়ে এলইডির রোশনাই দিনকে রাত করল, বনেদিবাড়ির দালান ফাঁকা করে আকাশছোঁয়া ইমারতের কবুতরখোপে উড়ে গেল একান্নবর্তীর খড়কুটো। তবু গিয়েথুয়ে রয়ে গেল কিছুমিছু হাতে টানা রিকশা, টিকিধারী ট্রাম, বাকরখানির দিস্তে, কালীঘাটের কুকুর আর গুটিকয় হাড় জিরজিরে ভাতের হোটেল। শুধু মহানগর নয়, দুই বাংলার শহর মফস্‌সল বাজার বন্দরে এমন বেশ কিছু সাবেক ঠিকানা টিকে আছে বহাল তবিয়তে। অস্তিত্বরক্ষার লড়াইয়ে যুগে যুগে টিকে থাকে পাইস হোটেল, আষ্টেপৃষ্ঠে জড়িয়ে থাকে অগুনতি চরিত্র, অজস্র গল্প, অযুত অবিস্মরণীয় মুহূর্তের শলমা-জরি আংরাখা।

বাজার ভ্রমণ সম্পাদনা সামরান হুদা, সুমেরু মুখোপাধ্যায়

উপমা চক্রবর্তী চিত্রিত ৪৫০ টাকা

নানাদিক খতিয়ে দেখে তবেই জোব চার্নক ডেরাডান্ডা গেড়ে বসেছিলেন কলকাতায়। সুতানুটির সুতোর হাট, বাজার কলকাতার বিরাট বাজার আর গোবিন্দপুরের চালের হাট ছিল এই আকর্ষণের প্রধান কারণ। বাজার গেরস্থের স্বপ্ন। হারানো স্মৃতির সন্ধানে গেরস্থ সারা বাজার পায়ে হেঁটে ঘুরতে থাকেন। যে ঋতুপরিবর্তন পায়রার খোপের ফ্ল্যাটে অধরা সেই বালিকার রঙিন ফ্রক মেলে বসে থাকে আমাদের বাজারসফরের পথে পথে।

লেডিজ টয়লেট সম্পাদনা শ্রাবন্তী ঘোষ

সমীক্ষণ চিত্র সেফটিপিন ৩০০ টাকা (সুলভ সংস্করণ)

বিভিন্ন পেশায় বিভিন্ন অবস্থায় টয়লেট এবং লেডিস টয়লেটের সঙ্গে লেডিসদের সম্পর্কের কথা উঠে এসেছে নানান বয়ানে। আলোচনা করা হয়েছে মেন্সট্রুয়েশনের দিনগুলোর কথা। সব লেখাই এখানে এক-একটা ব্যক্তিগত সঙ্কট, জার্নির কথা। কিন্তু, সবটাই মেয়েদের কথা। কোথাও গিয়ে এই বইয়ের প্রতিটা লেখার কণ্ঠ এক হয়ে যায়। তারা সমস্বরে দাবি করে, মেয়েদের জন্য রাস্তায়, কর্মক্ষেত্রে, সে ইটভাটাই হোক, বা মাল্টিস্টরেড বিল্ডিং, সব জায়গায় পরিষ্কার-পরিচ্ছন্ন শৌচালয়ের ব্যবস্থা করতে হবে। সেই ব্যবস্থা পাওয়া প্রতিটি মেয়ের মৌলিক অধিকারের মধ্যে পড়ে।

খাদের ধারে ঘর-গার্হস্থ্য হিংসার গতিবিধি সম্পাদনা শতাব্দী দাশ

তৈয়বা বেগম লিপি চিত্রিত ৪০০ টাকা (সুলভ সংস্করণ)

সারা বিশ্বে প্রতিদিন গড়ে একশো সাঁইত্রিশ জন নারী তাঁদের অন্তরঙ্গ সঙ্গী বা পরিবারের সদস্যদের হাতে খুন হন। ঘর নারীর জন্য নাকি বাইরের থেকেও ঝুঁকিপূর্ণ। অথচ গৃহহিংসা নিয়ে প্রকাশ্যে আলোচনা এখনও একরকম সামাজিক ট্যাবু। কীরকম অবস্থায় দিন কাটান এই নির্যাতিতরা? অত্যাচারীই বা কেমন সামাজিক শিক্ষা বা মানসিক গঠনের ফলে অত্যাচারী হয়ে ওঠে? গৃহহিংসার পরিবেশে শিশুদের কী অবস্থা হয়? আমাদের ঐতিহ্য কীভাবে গৃহহিংসাকে পুষ্ট করেছে? ৪৯৮ক কী সত্যি ছিল এক কালা কানুন? কারা কাজ করছেন বর্তমানে গৃহহিংসা নিয়ে? এই সব প্রশ্নের উত্তর অনুসন্ধান করার চেষ্টা করল বইটি।

সন্দীপন সম্পর্কে দুটো একটা কথা যা আমরা জানি

সম্পাদনা অদ্রীশ বিশ্বাস, প্রবীর চক্রবর্তী

হিরণ মিত্র চিত্রিত ৫৫০ টাকা

সন্দীপনচর্চার এই দলিল তৈরি হয়েছিল নব্বইয়ের দশকে। আমাদের ভাষার যতটুকু শিরদাঁড়া সোজা করে দাঁড়াবার ক্ষমতা, তার পিছনে সন্দীপনের গদ্যসাহিত্যের বিশেষ কিছু ভূমিকা আছে। তা আধুনিক, তা সাহসী। এবং তার উপজীব্য যে অপারগতা, অসুস্থতা, অসুখী মনোভঙ্গী, যা সেই তত্ত্বকে হাজির করে লেখা ও লেখক অবিচ্ছেদ্য। সেই সত্য-সম্পর্ককে তুলে ধরতেই শেষ পর্যন্ত আলোচনাগুলি আবার দুই মলাটে।

তৃণ রতন ভট্টাচার্য

ভাস্কর হাজারিকা চিত্রিত ৬০০ টাকা

দেশভাগের পর পূর্ববঙ্গের বহু ছিন্নমূল বাঙালি পরিবার ভারতবর্ষের অন্যান্য জায়গার মতো আসামেরও বিভিন্ন প্রান্তে ছড়িয়ে পড়েছিলেন। কার্যত বারো-তেরো বছরের মধ্যেই তাঁদের জীবন আবার ভরে উঠল অনিশ্চয়তায়। ৬০সালে শুরু হল 'বাঙালি খেদা' আন্দোলন। প্রথমবারের ধাক্কা সামলে উঠলেও, আসামের বাঙালি জীবনকে দাঁড় করিয়ে দিয়ে গেল এক বিশাল প্রশ্নচিহ্নের সামনে। স্থায়ী বাসভূমির যে অন্বেষণ শুরু করেছিল তা আজও চালিয়ে চলেছে আসামে ঠাঁই নেওয়া উদবাস্তুরা। সারা বিশ্বের অগনিত উদ্বাস্তু মানুষের শূন্য হৃদয়ের শব্দ-ছবি এই বই।

মাটির তেলের আলো

লেখা ও ছবি অভিজিৎ সেনগুপ্ত ৪৫০ টাকা

রেললাইন পাতার কাজ চলছে অসমের বোঙ্গাইগাঁওয়ে। তৈরি হচ্ছে তৈল শোধনাগার। উন্নয়ন রথের তদারকিতে বেশ কিছু দিন সেখানে কাটাতে নজরে পড়েছিল শ্রমিকদের বিচিত্র জীবন, বিবিধ উপাখ্যান। মানুষের আশা নিরাশার পাশাপাশি অন্তর্ঘাত এইভাবেই পাতায় পাতায় লেখা হয় শ্রমজীবী মানুষের জীবন। যুগে যুগে শ্রমিকেরাই জীবন শতরঞ্চির বিচিত্র বিভঙ্গ অনুপম ভঙ্গিমায় নিকষ আঁধারে ফুটিয়ে তুলেছে মাটির তেলের আলো।

অন্তর্ধানে অনুসন্ধানে সঞ্জয়ের আসাম, সঞ্জয় ঘোষের ডায়েরি ও অন্যান্য লেখা

সংকলন ও সংযোজন সুমিতা ঘোষ ভাষান্তর মনোতোষ চক্রবর্তী

আলোকচিত্র ধ্রুব দত্ত ৩৫০ টাকা

গত শতকের নয়ের দশকে সন্ত্রাসদীর্ণ আসামের মাজুলি অঞ্চলে সমাজকল্যাণমূলক স্বেচ্ছাসেবী কাজে আত্মনিয়োজিত ছিলেন মেধাবী উন্নয়নকর্মী সঞ্জয় ঘোষ। ষোলোমাসের সেই উদ্দীপক কাজকর্মের অবসান হয় সঞ্জয় ঘোষের অপহরণের পর। সঞ্জয়ের বিভিন্ন লেখায় আসাম তথা উত্তর পূর্বাঞ্চলের এক চলমান দর্পণের সঙ্গে সেই উপদ্রুত সময়ের আর্তস্বর, বিষাদ ও উদ্বেগের অন্তর্ধান ও অন্বেষণ প্রচেষ্টা।

পদদেশে নেই জন্মভূমি

লেখা ও ছবি অদ্রীশ বিশ্বাস ৩০০ টাকা

বাংলা পড়তে পড়তে অমলবাবুর ফিজিক্সের ক্লাসে নিজেকে আবিষ্কার করে মফস্‌সল থেকে আসা সদ্য তরুণ, বাইরে রাস্তায় প্রতুল মুখোপাধ্যায় গেয়ে বেড়াচ্ছেন বিদ্রোহের গান, ন্যাশনাল

লাইব্রেরিতে ক্ষীণদৃষ্টির অশীন দাশগুপ্তের গান্ধি বিষয়ক বইয়ের 'রাইটার' বামপন্থী অদ্রীশ। সুতরাং ইন্টারডিসিপ্লিনারি চর্চার হাত ধরে রাস্তা পার হচ্ছিল মুক্তচিন্তা। আর দেশ নামক হাহাকার থেমে গেলে পরবর্তী প্রজন্মের কান্নায় পড়ে নেই কিছু অতিরিক্ত। এইভাবে শেষ হয় জীবন, একদিন পাঠকেরা খুঁজে পায় লেখকের শব, পদদেশে জন্মভূমি নেই তাঁর।

বনবাসে বন আবাসে ১, ২ জগন্নাথ ঘোষ

হিরণ মিত্র চিত্রিত ৫০০ টাকা (প্রতিটি)

বাংলার বনে বনে নিভৃতে ঘুরেছেন তিনি গত চল্লিশ বছর। আলাপ হয়েছে বনচারী সুজনের সঙ্গে। সারা গায়ে সেপটিপিনের পসরা আঁটা ডালা ভাউরি থেকে চোরাশিকারী মানুষের বন্ধু টাইগার আঙ্কেল, জঙ্গলের মধ্যে নির্বাসন দেওয়া হাত পা খসে খসে পড়ে যাওয়া কুষ্ঠ রোগীদের কলোনি। প্রকৃতির উদাস কাব্যের লাঞ্ছিতা নদী ও তাকে ছুঁয়ে ফেলা নীল পাহাড়ের গায়ে লেগে আছে হাতি খেদিয়ে রাষ্ট্রপতির পুরস্কার পাওয়া ভীম মাহাতোর করুণ কাহিনি। পাহাড়ি ঝোরার রং বাহার মাছ, সুগন্ধী চালের সুবাস নিয়ে হাজির অজস্র বন বাংলোর গল্প।

আশমান জমিন সেলিম মল্লিক

শুভঙ্কর চক্রবর্তী চিত্রিত ২৫০ টাকা

একটা পুরনো আয়নাতে একদিন সংক্রান্তির জ্যোৎস্নায় সহসা ভেসে উঠেছে পর পর কিছু অতীতদিনের ছবি কিছুটা স্পষ্ট, কিছু-বা হারিয়ে ফুরিয়ে গেছে। লেখাগুলির প্রেক্ষাপটে জেগে এমন এক গ্রামসমাজ, যেখানে নিম্নবিত্ত কৃষিজীবী হিন্দু-মুসলমানের পাশাপাশি মিলমিশের বাস, যেখানকার বেশির ভাগ মানুষ আজও কথা বলেন না মান্য চলিত বাংলায়। এখানে 'পথের পাঁচালী'র দর্শন আর অপুর বিস্ময় গরহাজির, কিন্তু অনাবিল কৈশোরক আনন্দ এই বইয়ের অন্তরঙ্গ চরিত্র, যা বিষয়সমূহকে সাজিয়েছে রূপের আর্তিতে।

দিগন্তদীঘির সীমা গঙ্গোপাধ্যায়

প্রণবেশ মাইতি চিত্রিত ২৫০ টাকা

শহরের থাবায় দিশেহারা হয়ে পড়ে জনপদ। কলকাতা বিমানবন্দরের আশেপাশে অনেক আদিবাসীর বাস। এয়ারপোর্টের ভিতরের হারানো জমিতে ধানচাষ করে তারা। বিয়ের পর এখানেই গড়ে ওঠে সীমার সংসার। তাই এই বই জুড়ে আছে বিমানের অজস্র ওড়াওড়ি, প্রতি মুহূর্তে সশব্দে যেন ভেঙে পড়ে আকাশ। একদিন ঘটে তা, বিমান উড়ে গেলে রয়ে যায় শব্দের রেশ, এক মাত্র সন্তান দীঘিরের চলে যাওয়ার কর্কশ শূন্যতা। পুঞ্জে পুঞ্জে লিখেছেন জন্মদাত্রীর দিনলিপি। নিয়ত ঘনায়মান আঁধারের তন্নিষ্ঠ বিবরণের দিগন্তসীমা তাই রয়ে গেছে দীঘির নামক দিগন্তে আবদ্ধ।

বিরল পাতার গাছ মৃণাল শতপথী

সুভাষ ভ্যাম চিত্রিত ২৫০ টাকা

সারা বই জুড়ে দিগন্তব্যাপী যে জঙ্গলমহল রচিত হয় তা ক্রমান্বয়ে ঢুকে পড়ে পরিচিত নগরে ও গ্রামে, বাস্তবে বা মহাকাব্যে। যুদ্ধবিজয়ী শোভাযাত্রার সৌকর্যের কাহিনি শোনাতে না বসে পথের একপাশে দাঁড়িয়ে শোভাযাত্রা নিরীক্ষণ করা অনাড়ম্বর মানুষকে সে দেখাতে চায়।

দার্শনিকরা যেভাবে বলেছেন, সেই মানুষটি আসলে শোভাযাত্রার ভেতর খোঁজে একজনকে, যার ফেরার কথা ছিল অথচ ফেরেনি, ফেরে না কখনও। সেইসব কথনক্রিয়ার অকথিত বিন্দু বিন্দু অশ্রু সঞ্চয় করে নির্মিত হয় বিরল পাতার গাছ।

সাকিন সুতানুটি গগন চক্রবর্তী

ডেসমন্ড ডয়েগ চিত্রিত ২৫০ টাকা

কলিকাতা চলিয়া গেছে, উত্তর কলকাতা রহিয়া গিয়াছে। খাঁ খাঁ দুপুর। চিল উড়ে উড়ে বেড়াচ্ছে গায়ে গায়ে লাগা ছাদ আর জড়ামড়ি করা অসংখ্য ধুলোমাখা তারের উপর। কেন যে মন উড়ে যায়, কোথায় যেন, কবেকার সেই পিছন দিকের পাতায়। যেসব গল্পকে আজকাল বলে পিরিয়ড পিস। পাশাপাশি হাঁটতে থাকে তিনশো বছর আগের কলকাতা, গমগমে চিৎপুর, হরেক নকশা, খেউড় আর নেশা হুজ্জুত করা পক্ষীর দল।

তিন ছক্কা পুট সব্যসাচী সেনগুপ্ত

শুভদীপ ভট্টাচার্য চিত্রিত ৩৫০ টাকা

শৈশবজুড়ে বিছিয়ে থাকা লুডোছকের নামাওঠায় ধরা পড়েছে জীবনের প্রতিচ্ছবি। তুচ্ছ বিষয়ে তুতো আত্মীয়ের উপর অভিমান ভরা গনগনে যৌবনেই আছে রাত জাগা দেওয়াল লিখনে মুঠিবদ্ধ হয়ে ওঠা, সাহস ও স্পর্ধার রাজপথে হাঁটতে হাঁটতে কলকাতা চেনা... সমস্তকিছু সার বেঁধে এসে দাঁড়ায়। ভাল, মন্দ, বেদনা, উল্লাস, বিস্ময়। সবকিছু জড়িয়ে মড়িয়ে একাকার। আবার বুকের অন্দরে রক্ত ঝরলেও সময়মতো তাকে সারিয়ে তুলেছে হরেক ছক্কাপাঞ্জার পুলটিশ।

আত্মহত্যার সম্পূর্ণ বিবরণী প্রজ্ঞাদীপা হালদার

বাবলি পাল চিত্রিত ৩০০ টাকা

সে অবশ্য সমাজতান্ত্রিক কিছুতে তেমন বিশ্বাস রাখেনি। অথবা ছিল। নয়তো বা কেন গুডবাই লেনিনের অ্যালেক্সের মতো এই ভীমরতি, এই বই। আসলে যে জীবন বিলীয়মান, উহ্য হচ্ছে মফস্সল, তার নেহাত লড়ঝড়ে বাঙালিয়ানা নিয়ে, এই এক অসহ্য অবিচুয়ারি। হয়তো এমন অকিঞ্চিৎকর শোকগাথা সকলেরই আছে। এ তল্লাটে স্মৃতি মুছে ফেলার কোনও মেশিন পাওয়া যায় না আপাতত।

মজিদ কাশীনাথ ভট্টাচার্য ৪০০ টাকা

এক স্বপ্নের ফেরিওয়ালা এসেছিলেন ইরান থেকে। ভারতীয় ফুটবলে প্রথম বিশ্বকাপার। খেলেছিলেন সে-অর্থে একটাই মরসুম। কেল্লা ফতে তাতেই। শুরুতে ইস্টবেঙ্গলের ‘আশির বাদশা’, নব্বইয়ে রাস্তার ফকির। এই বই ধরে রাখল সব প্রাপ্তি-অপ্রাপ্তি, সযত্নে। সিন্দুক খুলে তুলে আনল আটের দশকে বাংলা ক্রীড়া সাংবাদিকতায় কিংবদন্তিদের। পাতায়-পাতায় মতি নন্দী, অজয় বসু, অশোক দাশগুপ্ত। স্মৃতিগন্ধে এই বই এক জীবন্ত ইতিহাস, যা সংরক্ষণে একেবারেই অনুৎসাহী কলকাতার ফুটবল জগৎ।

আমাদের বই

ফেলুদা রহস্য প্রসেনজিৎ দাশগুপ্ত

সত্যজিৎ রায় চিত্রিত ৫০০ টাকা

উইলিয়াম বেরিং-গুল্ড যেভাবে তৈরি করেছিলেন শার্লক হোমসকে অনেকটা তেমনভাবেই ফেলুদার আবির্ভাবের পঞ্চাশ বছর পর তাকে দেখার চেষ্টা 'ফেলুদা রহস্য'-এ। এই বইতে বাদ পড়েনি বন্ধু, পরিবার, খলনায়ক, শিশু চরিত্র, সংগ্রাহক, মহিলা চরিত্র, পুলিশ অথবা অন্য গোয়েন্দাদের কথা। রয়েছে সমাজবিজ্ঞান ও মনোবিজ্ঞানের দিশা, খুন সম্পর্কিত খুঁটিনাটি, বেশ কিছু অসমাপ্ত লেখার কারণ এবং ফেলুদার ভুলভ্রান্তিও।

পাহাড়ে আহারে দামু মুখোপাধ্যায়

স্মারক রায় চিত্রিত ৫০০ টাকা

ঘরের কাছের অযোধ্যা-শুশুনিয়া-দলমা দিয়ে শুরু করে পায়ে পায়ে হিমালয়। দেবতাত্মার শরণেই যখন আসা গেল, তখন বিন্ধ্য, সাতপুরা, আরাবল্লি, নীলগিরিরাই বা বাদ যায় কেন? শিখর জয়ের নেশায় রাকস্যাক কাঁধে ডাকাবুকোদের বেরোতে দেখে সুবচনীর খোঁড়া হাঁসও বেডিং-বিস্তারা বেঁধে মাঙ্কিটুপি-আলোয়ান মুড়ে হাওয়া বদলে চলল গিরি শহরে। কেউ কেউ পুণ্যির ট্যাঁক ভরাতে কেদার-কামাখ্যায় হত্যে দিল। তদ্দিনে যেখানে পেরেছে হিলস্টেশন ফেঁদে আরাম-বিলাসের বন্দোবস্ত করে ফেলেছে সাহেবসুবোরা। ফুড ট্যুরিজম-এর মনোবাঞ্ছা এবার চড়ল ভারতের হিজিবিজি একরাশ পাহাড়ে।

প্রকৃতি পড়ুয়ার দপ্তর জীবন সর্দার

শিল্পী সত্যজিৎ রায়, যুধাজিৎ সেনগুপ্ত ৬০০ টাকা

চল্লিশ বছর ধরে সন্দেশ পত্রিকায় বেরিয়েছে প্রকৃতি পড়ুয়ার দপ্তর। আমাদের বাড়ির চারপাশের আরশিনগরের কথা। এই বই আসলে দেখতে শেখায়। যা কিছু দেখলে আমাদের ভালবাসা মায়া বাড়বে প্রকৃতির জন্যে। এই বই সেই জাদু আয়না। প্রকৃতি চেনার, প্রকৃতিকে ভালবাসবার সহজপাঠ।

গড়গড়ার মা'লো পূর্ণা চৌধুরী

পার্থ দাশগুপ্ত চিত্রিত ৫০০ টাকা

'গড়গড়ার মা'লো' দুইটি ধারার বুনোটে গড়া 'অন্য' ইতিহাস। অন্য ভাষায়, অন্য মেজাজে বলা। মেয়েদের দেবী অথবা দানবী সাজানোর যে খেলা সেই মধ্য যুগ থেকেই চলে এসেছে সাহিত্য

এবং ইতিহাসে, তার বাইরে এই বই এক ব্যতিক্রমী সন্ধান। এ হল একটা ভিন্ন বাচনের খোঁজ, পুরুষমুখী ইতিহাস গ্রন্থনার ছকের বাইরে এক প্রতিবাদী সমান্তরাল কথন। মেয়েদের ‘বুক ফাটে তবু মুখ ফোটে না’ এ প্রবচনটি যে একটি পাখি পড়ানো মিথ্যে, তা প্রমাণিত হোক।

গদ্যসংগ্রহ ১, ২ রণজিৎ সিংহ

খালেদ চৌধুরী চিত্রিত, আলোকচিত্র রণজিৎ সিংহ ৬০০ টাকা (প্রতিটি)

শিকড়ের সন্ধানে লোকগানের হাত ধরে জীবনে জীবন যোগ করার কথা অব্যর্থ ভাবে মানতেন রণজিৎ সিংহ। তাই শৌখিন লোক-বিশেষজ্ঞের আলখাল্লা পরে না থেকে বেরিয়ে পড়েছেন মাটির টানে। সেই যাত্রারই ফসল তাঁর লেখালিখি। মানুষের শুধু গানটুকুই নয়, যাপিত জীবন ও গান-জীবন দুই-ই অন্বিষ্ট ছিল তাঁর। রণজিতের সফরনামা সংস্কৃতির মানচিত্রে এক সাম্য-সাধনার সংবেদী আলেখ্য। হেজিমনির কাউন্টার স্টেটমেন্ট। সংস্কৃতির নাটমন্দিরে প্রান্তিকের পদচারণ।

এক জীবন সুন্দরবন অভিজিৎ সেনগুপ্ত

যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ৫০০ টাকা

লোনামাটির দেশ, বাঘ-সাপ-কুমিরের যে দেশ এড়িয়ে গিয়েছিল পাণ্ডবরা, সেখানকার হৃৎপিণ্ডের শব্দ শুনতে পাবেন কাঠের বাড়ি, মৌসুনি দ্বীপ আর প্রান্তিক মানুষের কথা পড়তে পড়তে। সুন্দরবন তার জলের শব্দ, সী-গালের ডাক, বনের মাথায় নির্জন কুহকিনী জ্যোৎস্না আর ধূ ধূ ঘোলা জলে মাছ ধরার তুমুল উৎসব নিয়ে এ বইয়ের মর্মস্থল ছুঁয়ে আছে।

খেয়া পারের খেয়ালি বন সীমা গঙ্গোপাধ্যায়

প্রণবেশ মাইতি চিত্রিত ৩৫০ টাকা

মন আলো করা মানুষের কথা উঠে আসে তার লেখায়। লেখার সঙ্গে সমাজকর্ম। কাজের ক্ষেত্র চির অবহেলিত সুন্দরবন। মউলে, গুণিন, বাঘ, ডাকাত, চোরা শিকার, দেবদেবী আর তুকতাকের গাছে ঘেরা আলো না ঢোকা কাদায় মোড়া এক বনাঞ্চল। গল্পে পড়া সুন্দরবন নতুন ভাবে ধরা দিল তার কাছে। তার সঙ্গে চলছে অবলাদের না বলা অনেক অনেক গল্প। অনন্ত খেয়া পারাপারের মাঝে খামখেয়ালি বন কেবল অনিশ্চিত এক আশ্রয়।

রিনুর বই রিনি বিশ্বাস

ভাস্কর হাজারিকা চিত্রিত, ৩৫০ টাকা

বড় হয়ে বিশ্ববিদ্যালয়ে পড়াশুনো আর একটু রাজনীতি। এর পর পা রাখে রিনু পেশার জগতে। এদিকে গত কয়েক দশকেই আমুল পরিবর্তন হয়ে গেল ভিজ্যুয়াল মিডিয়ার। বিশ্বজগৎ আক্ষরিক অর্থেই চলে এল হাতের মুঠোয়। এদিকে তার চোখের সামনে নানা দুর্ঘটনার খবর। প্রতি নিয়ত আপডেট। ট্রেন অ্যাক্সিডেন্ট, বড়বাজারের আগুন, বেনজির ভুট্টোর হত্যা, ২৬/১১ মুম্বাই, মৃত্যুমুখী এইসব নিউজস্ক্রোল সাপের মতো আঁকড়ে ধরতে থাকে তাকে।

দস্তরখান গোরা রায়

স্মারক রায় চিত্রিত ৩৫০ টাকা

প্যারামাউন্টের মালিককে এল্ডারফ্লাওয়ারের শরবৎ চাখিয়ে আবার আয়ারল্যান্ডের দক্ষিণে জ্যাকি লেনক্সে লাইন দিয়ে কিনে আনেন খবরের কাগজে মোড়া আলুভাজা আর মাছভাজা। লম্বা লাইন আঁকেন পর্তুগালের লিশবোয় রামিরোর মাছের দোকানের বাইরেও। পেয়ে যান দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকার সুফল, বেয়ারারা দৌড়াদৌড়ি করে ধরিয়ে যায় মাখন-রুটি-সুরা আর এন্তার গল্পগাছা। তবে এসব তুচ্ছ জিনিসে পথ হারালে আড্ডাঘর খাঁখাঁ করে, দস্তরখানের উপরে পড়ে থাকে রুটি-বাদাম-শোর্বা-কোর্মা- কালিয়ার বড়াখানা, ঠান্ডা হয় চা।

দশকর্ম ভাণ্ডার যোষিতা

দেবারতি শেঠ চিত্রিত ৪০০ টাকা

দশকর্ম ভাণ্ডার জীবনের দশটি অভিজ্ঞান। ট্রামের রুলটানা খাতার মধ্যে শৈশবের অক্ষরগুলি শিখেছিল অপভাষা থেকে সামাজিক বৈষম্যের ধারাপাত। ঝাপসা রঙের পলেস্তারার মধ্যে কোনও এক চোরা কুঠুরিতে পড়ে থাকে ফুসমন্তর আর দেদার উত্তর কলকাতা। সে কলকাতা মানে তো আর কলকাতা নয়, সেখানে থাকে ভারি অসম্ভব কুচুটে কিছু কিম্ভূত মানুষ। সব অবিকল ভাবে ধরা আছেশৈশব ও যৌবনের অমলিন কিছু মুখ ভাঙচানি থেকে নখের আঁচড়ে।

দ্রোহকালের দামিনী মুক্তিযোদ্ধাদের কথা সংগ্রহ ও আলোকচিত্র কার্লোস সাভেদ্রা, গ্রন্থনা ও সম্পাদনা ঝর্ণা বসু

আবদুস শাকুর শাহ চিত্রিত ৪০০ টাকা

বাংলাদেশের স্বাধীনতা রক্ষায় পুরুষের পাশাপাশি কোমর বেঁধেছেন বাংলার নারী। অথচ বীরের সম্মান লাভ করেছে যারা তারা প্রায় সকলে পুরুষ। আর নারীর ভুমিকা— ‘নির্যাতনের শিকার’

বয়ানে সীমাবদ্ধ। নারীর বীরোচিত ভূমিকা আজও তাই দৃষ্টির আড়ালে। তাঁরা মুক্তিযোদ্ধাদের আশ্রয় দিয়ে, খাদ্য দিয়ে, তাদের অস্ত্র লুকিয়ে রেখে, খবর আদান-প্রদান করে, অস্ত্রশিক্ষা নিয়ে নানা ভাবে যুদ্ধকে জয়ের পথে এগিয়ে নিয়ে গেছেন। 'দ্রোহকালের দামিনী' বারো জন মহিলা মুক্তিযোদ্ধার স্মৃতিকথা সংকলন।

একদা একাত্তর দুঃখ সুখের ঝাঁপি সন্ধ্যা রায় সেনগুপ্ত

সোমা সুরভি জান্নাত চিত্রিত ৩৫০ টাকা

সবাই পালাচ্ছে শহর থেকে গ্রামে, গ্রাম থেকে জঙ্গলে। কেউ সারাদিন পুকুরে ঢুবে বসে থাকেন, সন্ধ্যায় ঘরে ফিরে দু'মুঠো অন্ন জোটে কি জোটে না, কেবল খবর পান মৃত্যু ও নৃশংসতার। সমস্ত চড়াই উৎরাই বেয়ে স্বাধীনতা আসে একদা। জন্ম হয় বাংলাদেশের। তাঁর ঠাঁই হল না সেই দেশে। সারা দেশে তখন অরাজকতা। ক্ষমতা দখলের লড়াই শুরু হয়েছে। সকলের হাতে হাতে অস্ত্র। তাকে চিহ্নিত করা হল 'সর্বহারা পার্টি'র হয়ে যুদ্ধে অংশগ্রহণকারী রূপে। স্বাধীনতা নামক হলাহলে ওষ্ঠ রঞ্জিত করে দেশ ছাড়লেন সন্ধ্যা রায়।

এসেছিলে তবু এষণায় লিপিকা দে

মল্লিকা দাস সুতার চিত্রিত ৩৫০ টাকা

নব্বইয়ের দশকে পৃথিবীর মানচিত্রটা বদলে গেল আচমকা। দেশে অর্থনীতির মূল কাঠামোটা বদলে গিয়ে পরিবর্তনের ঢেউ লাগল অন্দরমহলেও। অজানার হাতছানিতে সাড়া দিয়ে শুরু হয় এক অন্যরকম চারণ। এই বই এক নারীর নিজস্ব প্রিজমে দেখা দুনিয়া যাতে নানা কোণ থেকে এসে পড়া আলোর বিচ্ছুরণে মানুষ, প্রকৃতি আর সময় মিলেমিশে আঁকে এক অনন্ত বাঙ্ময় চালচিত্র।

আটঘাট বেঁধে

লেখা ও ছবি শঙ্খ কর ভৌমিক ২৫০ টাকা

যত দীর্ঘ পথ তত লম্বা, তত বেশি গল্প। পথ যদি বা ফুরোয়, কাহিনি অফুরানসব বলা হয়ে ওঠে না। অথবা উল্টোটা। এক সময় বলার মতো কিছু ঘটে না, অথচ পথ ফুরোতে চায় না, তাতেই জাগে চলায় অনীহা। এই ভাল। পথ চলুক এঁকেবেঁকে, উঠেনেমে। চলতে থাকুক পথ চলা। মাঝে মাঝে মনে হয়, কতদিন ধরে চলছি! এবার একটু জিরিয়ে নিলে হয়। গল্প বলা যাক। তাই শঙ্খ আবার লিখলেন, ছবি আঁকলেন অনেক 'আটঘাট বেঁধে'।

আমাদের বই

লীলাবতী, অদ্রীশ বিশ্বাস, শিল্প হিরণ মিত্র, ২য় মুদ্রণ, ২৫০ টাকা
জঙ্গলগাথা ও রসনাবিলাস ধৃতিকান্ত লাহিড়ী চৌধুরী, শর্মিষ্ঠা বসু চিত্রিত ৫৫০ টাকা
অজানা উড়ন্ত বই রঞ্জন ঘোষালের রম্য প্রবন্ধ সংকলন ৬০০ টাকা
কালচক্রযান মিহির সেনগুপ্ত, সৌমিক চক্রবর্তী চিত্রিত ৩৫০ টাকা
ঝরা সময়ের কথকতা হিরণ মিত্র ১০০০ টাকা
কবিতা লিখতে ভয় করে বিপুল দাস, অরিন্দম মান্না চিত্রিত ৩৫০ টাকা
টুকিটাকী কুজ্ঝটিকা সীমা গঙ্গোপাধ্যায়, প্রণবেশ মাইতি চিত্রিত, ২য় মুদ্রণ, ৩৫০ টাকা
আপন বাপন জীবন যাপন সম্বিৎ বসু, ভাস্কর হাজারিকা চিত্রিত ৩২৫ টাকা
এলাটিং বেলাটিং ১, ২ সম্পাদনা অরণি বসু, সামরান হুদা, বালিকাবেলা সংকলন ৫০০ টাকা প্রতিটি
ভাগফল ৭১ মেয়েদের কথা সম্পাদনা ঝর্ণা বসু, আলোকচিত্র কিশোর পারেখ, ২য় মুদ্রণ, ৪৫০ টাকা
জীবন-মৃত্যু ১, ২ অসীম রায় সম্পাদনা রবিশংকর বল, কুশল রায় ৬০০ টাকা প্রতিটি
কামলাসুন্দরী সম্পাদনা জয়িতা বাগচি সুমেরু মুখোপাধ্যায়, কর্মরতা মহিলাদের কথা সংকলন ৭৫০ টাকা
রসনাস্মৃতির বাসনাদেশ ১, ২ সম্পাদনা সামরান হুদা, দামু মুখোপাধ্যায়, স্মারক রায় চিত্রিত ৬০০ টাকা প্রতিটি
উচ্ছন্নে যাওয়ার রাস্তায় সৌমিত দেব, শিল্প তারকাটা লেফ, ঋতবান দাস, পার্থ দাশগুপ্ত ৩৫০ টাকা
লটন মটন পায়রাগুলি সুচেতনা দত্ত, উপমা চক্রবর্তী চিত্রিত, ২য় সংস্করণ, ৩২৫ টাকা
গোল্লাছুট কাশীনাথ ভট্টাচার্য ৬০০ টাকা
খ্যাটন সঙ্গী দামু মুখোপাধ্যায়, স্মারক রায় চিত্রিত, ২য় সংস্করণ, ৫০০ টাকা
স্বাদ সঞ্চয়িতা সামরান হুদা, মাহ্‌বুবুর রহমান চিত্রিত, ৫৫০ টাকা
পাখালিনামা রূপঙ্কর সরকার ৫৫০ টাকা
রমণীয় দ্রোহকাল রঞ্জন রায়, ৪০০ টাকা
সুরের গুরু আলাউদ্দিন, শোভনা সেন, সম্পাদনা অনিন্দ্য বন্দ্যোপাধ্যায়, ২২৫ টাকা
সাত ঘাটের জল, শঙ্খ কর ভৌমিক, মৃন্ময় দেববর্মা চিত্রিত, ২৫০ টাকা
চমৎকার ১ প্রচ্ছদকাহিনি, ৯ঋকাল বুকসের মুখপত্র ২০১৭ ৩০ টাকা
চমৎকার ২ হরফনামা, ৯ঋকাল বুকসের মুখপত্র ২০১৮ ৩০ টাকা
চমৎকার ৩ অভিধান হেতু, ৯ঋকাল বুকসের মুখপত্র ২০১৮ ৩০ টাকা
জার্নাল ১, লেডি ব্রেবোর্ন কলেজ রবীন্দ্রনাথ টেগোর অ্যাডভান্সড রিসার্চ সেন্টারের পত্রিকা, ১৮০ টাকা
জার্নাল ২, লেডি ব্রেবোর্ন কলেজ রবীন্দ্রনাথ টেগোর অ্যাডভান্সড রিসার্চ সেন্টারের পত্রিকা, ১৬০ টাকা
জার্নাল ৩, লেডি ব্রেবোর্ন কলেজ রবীন্দ্রনাথ টেগোর অ্যাডভান্সড রিসার্চ সেন্টারের পত্রিকা, ১৬০ টাকা

পুরস্কার প্রাপ্ত বই

নমিতা চট্টোপাধ্যায় সাহিত্য পুরস্কার, ২০১৫

অতঃপর অন্তঃপুরে সামরান হুদা, চন্দন শফিকুল কবীর চিত্রিত ৪৫০ টাকা

বইচই আন্তর্জাল সেরা সাহিত্য সম্মান, ২০১৮

আইটি আইটি পা পা, যোষিতা, ৪৫০ টাকা

কলকাতা বইমেলা

স্টল নম্বর ৩৪৬

সেন্ট্রাল পার্ক, সল্টলেক

কার পার্কিং জোনের ঠিক উল্টোদিকের গেট নং ৬ দিয়ে ঢুকে বাঁ দিকে রূপার পাশে

সারা বছর আমাদের বই পাওয়া যায় কলেজস্ট্রিটের দে'জ, দে বুক স্টোর (দীপুদার দোকান), আদি দে বুক স্টোর, সুপ্রকাশ বইঘর, ধ্যানবিন্দু, অরণ্যমন, খোয়াবনামা, উল্টোডাঙার সুনীলদার দোকান, ভবানীপুর পোস্ট অফিসের বুক শপে, চুঁচুড়ার বিদ্যার্থী ভবন, মালদার পুনশ্চতে। বাংলাদেশে পাবেন প্রথমা, নোকতার বুবুক, বাতিঘর, পাঠক সমাবেশ, বিদিত ও তক্ষশিলায়। দেশ ও দেশের বাইরে বাড়ি বসে বই পেতে বইচই ডট কম এবং দেশের মধ্যে অ্যামাজন ডট ইন, থিংকারস লেন, ধ্যানবিন্দু বা আমাদের সঙ্গে সরাসরি যোগাযোগ করুন।

পাণ্ডুলিপি পাঠাতে ও নানা জিজ্ঞাসার উত্তর খুঁজতে দেখুন

www.lyriqalbooks.com

আগামী প্রকাশনা

বাঙালির মৎস্যশিকার ১, ২ (সংকলন) সম্পাদনা বিশ্বদেব গঙ্গোপাধ্যায় দীপ্তীশ ঘোষ দস্তিদার চিত্রিত

বাঙালির বাইসাইকেল (সংকলন) সম্পাদনা সামরান হুদা অত্রি চেতন চিত্রিত

স্মৃতিপটে বঙ্গজীবন ও কলকাতা ১ (সংকলন) সম্পাদনা দেবাশিস বসু

রচনাসমগ্র ১, ২ অরূপরতন বসু সম্পাদনা শ্রীকুমার চট্টোপাধ্যায়

রসনাদেশ, পূর্ববঙ্গের খাওয়াদাওয়ার স্মৃতি প্রণবরঞ্জন রায়

মাইহার ব্যান্ড: আলাউদ্দিন খাঁ ও পরম্পরা কৌশিক বন্দ্যোপাধ্যায়

বাঙালির বারফাট্টাই বাঙালির বার-যাপন (সংকলন) সম্পাদনা রাহুল পুরকায়স্থ, অর্ক দেব

ভোজনে বিজ্ঞাপনে বাঙালি প্রণবেশ মাইতি

ভোজন মানচিত্রে বাংলাদেশ সুমনকুমার দাশ

এক বছরের শ্রেষ্ঠ কবিতা সংগ্রহ (১৯৭২-৭৬) সম্পাদনা মণীন্দ্র গুপ্ত, রঞ্জিত সিংহ

স্মৃতিধার্য অরুণ সোম (আত্মকথা)

জগতে কলঙ্ক রবে সোমক দাস (আত্মকথা)

গদ্যসমগ্র দেবব্রত মুখোপাধ্যায় সম্পাদনা শিবাদিত্য দাশগুপ্ত, শ্রীকুমার চট্টোপাধ্যায়

আলোকের ঝর্নাধারায় থিয়েটার দীপক মুখোপাধ্যায় হিরণ মিত্র চিত্রিত

বাংলার হিন্দু-মুসলমান সম্পর্ক : সংরূপের সন্ধান কৃষ্ণপ্রিয় দাশগুপ্ত

জাহাজের জলতরঙ্গ মণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়

লিটিল ম্যাগাজিনের শ্রেষ্ঠ উপন্যাস ১, ২ সম্পাদনা শ্রীকুমার চট্টোপাধ্যায়

বাঙালির রান্নাঘর (সংকলন) সম্পাদনা সামরান হুদা, দামু মুখোপাধ্যায়